অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 93 মিলিয়ন ডলারের আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু করার ঘোষণা করেছেন যা 237টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট নিয়ে আসবে পূর্ব বাফেলোতে

পিলগ্রিম ভিলেজ ফ্যামিলি এবং পিলগ্রিম ভিলেজ সিনিয়র বিদ্যমান জরাজীর্ণ আবাসনকে প্রতিস্থাপন করবে

উন্নয়নটি 100 শতাংশ বৈদ্যুতিক হবে এবং নেট শূন্য শক্তির মান অর্জন করার জন্য তৈরি করা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে পূর্ব বাফেলোর ফ্রুট বেল্ট এলাকায় পরিবার এবং বয়স্কদের জন্য 237টি সাশ্রয়ী মূল্যের পাশাপাশি অবস্থিত অ্যাপার্টমেন্ট সহ আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু হয়েছে। 58 মিলিয়ন ডলারের পিলগ্রিম ভিলেজ ফ্যামিলি (Pilgrim Village Family) এবং 35 মিলিয়ন ডলারের পিলগ্রিম ভিলেজ সিনিয়র (Pilgrim Village Senior) নেট-জিরো শক্তির মান অর্জনের জন্য তৈরি করা অত্যন্ত শক্তি-দক্ষ ভবন হবে। ঊনচল্লিশটি অ্যাপার্টমেন্ট দুর্বল প্রবীণদের জন্য আলাদা করা হবে যাদের স্বাধীনভাবে বসবাসের জন্য ওন-সাইট সহায়তা পরিষেবার প্রয়োজন।

"সকল নিউ ইয়র্কবাসী এমন বাড়িতে বসবাস করার যোগ্য যেগুলি তাদের প্রয়োজনের সাথে মানানসই এবং তাদের উন্নতি করার সুযোগ দেয়," **গভর্নর হোচুল বলেন।** "এই দুটি নতুন সম্পূর্ণ বৈদ্যুতিক ভবন পূর্ব বাফেলোতে পরিবার এবং বয়স্কদের জন্য স্বাস্থ্যকর গৃহের অ্যাক্সেস প্রসারিত করবে, আমাদের আক্রমনাত্মক জলবায়ু লক্ষ্যগুলি পূরণ করতে সাহায্য করার সাথে, এবং আবাসন, খাদ্য নিরাপত্তাহীনতা এবং বছরের পর বছর বিনিয়োগ না করার ও অবহেলার ফলস্বরূপ অর্থনৈতিক চ্যালেঞ্জগুলির মোকাবেলা করবে৷"

পিলগ্রিম ভিলেজ ফ্যামিলি (Pilgrim Village Family) এবং বয়স্কদের কমপ্লেক্স আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের স্টেটব্যাপী পরিকল্পনার অংশ। 2023 সালের প্রণীত স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা সফলভাবে সুরক্ষিত করেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সংখ্যা বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000টি বাড়ি এবং আরো 50,000টি বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে। আজকের ঘোষণা ইস্ট বাফেলোকে শক্তিশালী করতে,

জীবনের মান উন্নত করতে এবং মে মাসে টপস সুপারমার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদী শ্যুটিং এবং কয়েক দশকের বিনিয়োগ না করার পদ্ধতিগত চ্যালেঞ্জের মোকাবেলা করার জন্য দীর্ঘমেয়াদী কৌশল তৈরি করতে জুনের মাঝামাঝি একটি 50 মিলিয়ন ডলারের বিনিয়োগের ঘোষণার উপর ভিত্তি করে গড়ে তোলে।

নতুন পিলগ্রিম ভিলেজ কমপ্লেক্সটি বিদ্যমান পিলগ্রিম ভিলেজকে প্রতিস্থাপন করেছে, যেটি 1979 সালে নির্মিত হয়েছিল এবং জীর্ণ অবস্থায় পরে ছিল। মূল উদ্যান-শৈলীর অ্যাপার্টমেন্ট ভবনগুলি দুটি নতুন একাধিক পরিবারের ভবনের জন্য পথ তৈরি করার উদ্দেশ্যে ভেঙে ফেলা হচ্ছে।

পিলগ্রিম ভিলেজ সিনিয়রে 55 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য 105টি অ্যাপার্টমেন্ট থাকবে। ঊনপঞ্চাশটি অ্যাপার্টমেন্ট স্বাধীনভাবে বাঁচতে সমর্থক সেবা প্রয়োজন এমন বয়স্ক মানুষের জন্য সংরক্ষিত থাকবে। এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে অর্থায়ন করা এবং নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (Department of Health) দ্বারা পরিচালিত আবেগ, মানসিক এবং শারীরিক স্বাস্থ্য সংক্রান্ত সহায়ক পরিষেবা প্রদান করা হবে।

পিলগ্রিম ভিলেজ ফ্যামিলি, যা পিলগ্রিম ভিলেজ সিনিয়রের পাশে অবস্থিত, সেখানে 132টি অ্যাপার্টমেন্ট থাকবে, একটি গ্রাউন্ড ফ্লোর কমিউনিটি সুবিধার স্থান এবং প্রায় 5,000 বর্গফুট বাণিজ্যিক জায়গা সহ।

দুটি উন্নয়নের 237টি অ্যাপার্টমেন্টের সবগুলি এরিয়া মিডিয়ান আয়ের 60 শতাংশ বা তার নিচে আয়ের পরিবারগুলির জন্য সংরক্ষিত হবে। উপরন্তু, 89টি অ্যাপার্টমেন্ট বিদ্যমান HUD প্রকল্প-ভিত্তিক সেকশন 8 ভাড়া সহায়তার ভাউচার দ্বারা উপকৃত হবে।

সুবিধাসমূহের মধ্যে প্রশস্ত অভ্যন্তরীণ সম্প্রদায়ের স্থান, সবুজ স্থান, হাঁটার পথ, বাগান, বসার জায়গা, একটি পেরগোলা, গ্রাউন্ড-লেভেল পার্কিং স্পট, একটি বড় খেলার মাঠ, একটি কম্পিউটার ল্যাব, একটি জিম, একটি লাইব্রেরি এবং ইন-ইউনিট ওয়াশার/ড্রাইয়ার এবং ডিশ ওয়াশার অন্তর্ভুক্ত থাকবে।

নতুন পিলগ্রিম ভিলেজ উন্নয়ন হবে 100 শতাংশ বৈদ্যুতিক, যা নেট-শূন্য শক্তির মান অর্জনের জন্য তৈরি করা হয়েছে। ছাদের সৌর অ্যারে ভবনের শক্তির ভার সামাল দিতে সহায়তা করবে। উভয় ভবন নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority) কম উচ্চতার নতুন নির্মাণের টিয়ার III প্রোগ্রামের মানদন্ড (Low-rise New Construction Program) মেনে চলার কথা মাথায় রেখে তৈরি করা হয়েছে।

উন্নয়নের সাইটটি রোজওয়েল পার্ক কমপ্রিহেনসিভ ক্যান্সার সেন্টারের (Roswell Park Comprehensive Cancer Center) গৃহ বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাসের (Buffalo Niagara Medical Campus) সংলগ্ন, এবং নগর উন্নয়নের জন্য বাফেলোর কৌশলগত

পরিকল্পনার পাঁচটি কৌশলগত বিনিয়োগ এলাকার একটির মধ্যে অবস্থিত। আবাসিকরা নিকটবর্তী রেল স্টেশনের হাঁটার দূরত্বের মধ্যে থাকবেন এবং শীর্ষস্থানীয় সিটি অনার্স স্কুল (City Honors School) থেকে এক ব্লকেরও কম দূরত্বে থাকবেন।

পিলগ্রিম ভিলেজ ফ্যামিলির জন্য রাজ্যের অর্থায়নের মধ্যে রয়েছে স্থায়ী কর-মুক্ত বন্ডে 5 মিলিয়ন ডলার, ফেডারেল নিম্ন আয়ের আবাসনের ট্যাক্স ক্রেডিট যা 24.9 মিলিয়ন ডলার ইক্যুইটিতে তৈরি করবে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে ভর্তুকি বাবদ 5 মিলিয়ন ডলার। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নতুন নির্মাণ-আবাসন কর্মসূচি 528,000 ডলার প্রদান করেছে। উপরন্তু, সাইটটি পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) সফল ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামে (Brownfield Cleanup Program) অংশগ্রহণ করেছে, যা প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পর ট্যাক্স ক্রেডিট বাবদ 5.7 মিলিয়ন ডলার প্রদান করবে বলে আশা করা হয়।

পিলগ্রিম ভিলেজ সিনিয়রের (Pilgrim Village Senior) জন্য অর্থায়নের মধ্যে আছে 4.1 মিলিয়ন ডলারের স্থায়ী কর-মওকুফ বন্ড, 15 মিলিয়ন ডলার ইক্যুইটি সৃষ্টিকারী ফেডারেল নিম্ন আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) এবং হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) থেকে 9.3 মিলিয়ন ডলারের ভর্তুকি। NYSERDA-র নতুন নির্মাণ-আবাসন কর্মসূচি 420,000 ডলার প্রদান করেছে। উপরন্তু, সাইটটি পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) সফল ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামে (Brownfield Cleanup Program) অংশগ্রহণ করেছে এবং প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পর ট্যাক্স ক্রেডিট বাবদ 4.1 মিলিয়ন ডলার প্রদান করবে বলে আশা করা হয়।

প্রকল্পের বিকাশকারী হল SAA | EVI।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "237টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট সহ, নতুন 93 মিলিয়ন ডলারের পিলগ্রিম ভিলেজ কমপ্লেক্স বাফেলোর ইস্ট সাইডের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবর্তন নিয়ে আসবে। আমরা শুধু অপ্রচলিত টাউনহাউসগুলির প্রতিস্থাপন এবং শিল্প বর্জ্য পরিষ্কার করার জন্য অর্থায়ন করছি না, আমরা একটি উচ্চ শক্তি-দক্ষ এবং স্বাস্থ্যকর সম্প্রদায়ও তৈরি করছি যা সমস্ত বয়সের মানুষকে বাইরে নিয়ে গিয়ে তাদের আশেপাশের পরিবেশ উপভোগ করার জন্য তৈরি সবুজ স্থান সহ দুর্দান্ত সুযোগ-সুবিধা নিয়ে গর্ব করবে৷ HCR এর পক্ষ থেকে, আমরা নতুন পিলগ্রিম ভিলেজের মতো বহু-প্রজন্মীয়, সহায়ক আবাসনকে দেখে গর্বিত যা অন্যান্য উন্নয়নের সাথে যোগদান করেছে যেগুলি আমরা এখানে সম্পূর্ণ করেছি বা যার নির্মাণ কাজ এখানে চলমান রয়েছে। খাদ্য নিরাপত্তাহীনতা এবং জাতিগত সম্পদের ব্যবধান সহ ইস্ট বাফেলোর সব চেয়ে প্রকট বৈষম্যগুলির কিছু সরাসরি সমাধানের জন্য রাজ্যের নতুন 50 মিলিয়ন ডলারের উদ্যোগের সাথে যুক্ত আমাদের প্রচেষ্টাগুলি এই সম্প্রদায়কে ফিরিয়ে আনতে এবং ভয়ঙ্কর টপস সুপারমার্কেটে শুটিং এর ঘটনার পরবর্তীকালে

প্রকৃত নিরাময়ের প্রক্রিয়া শুরু করতে সহায়তা করবে। গভর্নর হোকল, বাফেলো শহরের এবং আমাদের উন্নয়নের সহযোগীদের ধন্যবাদ এই পূর্ব পাশের এলাকায় স্থায়ী পরিবর্তন সাধনে সাহায্য করার জন্য।"

NYSERDA এর প্রেসিডেন্ট এবং সিইও ডরিন এম হ্যারিস বলেছেন, "পিলগ্রিম ভিলেজ অ্যাপার্টমেন্টের ভিশন প্রতিটি নিউ ইয়র্কবাসীর কেবল সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেসই নয়, তা আবাসিকদের জন্য স্থায়ী এবং স্বাস্থ্যকর হয় এবং পরিবেশের জন্য ভালো হয় তা নিশ্চিত করার জন্য রাজ্যের অঙ্গীকারের প্রতিনিধিত্ব করে। NYSERDA এই সম্পূর্ণ বৈদ্যুতিক আবাসন উন্নয়নের নির্মাণ শুরু হতে দেখে খুশি যা সম্পূর্ণ হয়ে গেলে, ভবনের জন্য নেট শূন্য শক্তির মানকে ন্যূনতম মান বলে স্থির করবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (New York State Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেছেন, "DEC বাফেলোতে সাশ্রয়ী মূল্যের আবাসন আনতে এবং রাজ্য জুড়ে সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত ও পরিষ্কার করার জন্য গভর্নর হোকলের নেতৃত্বে কাজ করার জন্য হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, NYSERDA, DOH এবং অন্যান্য অংশীদারদের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত। বয়স্কদের, পরিবারদের এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের সুবিধার জন্য স্বল্প ব্যবহৃত সম্পত্তি পুনরুদ্ধার এবং পুনরুন্নয়ন করার মাধ্যমে আমাদের রাজ্যের সফল ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম যা অর্জন করেছে তার একটি দুর্দান্ত উদাহরণ এটি।"

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "ভালো স্বাস্থ্য স্বাস্থ্যকর পরিবেশের অ্যাক্সেসের উপর নির্ভর করে। পিলগ্রিম ভিলেজে সহায়ক আবাসন ইউনিটগুলির বিকাশ বাফেলোতে আরও বেশি বয়স্কদের নতুন থাকার জায়গা প্রদান করবে যা তাদের স্বাস্থ্য, সুস্থতা এবং সামগ্রিক জীবনযাত্রার মান উন্নত করবে। আমি নিউ ইয়র্ক স্টেট জুড়ে আমাদের অংশীদারদের কাছে কৃতজ্ঞ যারা আমাদের কাজে জনস্বাস্থ্যের উন্নতির সম্পূর্ণ সুযোগ বিবেচনা করার জন্য স্বাস্থ্য বিভাগের প্রতিশ্রুতিতে অংশগ্রহন করেন, যার মধ্যে রয়েছে মানসম্পন্ন আবাসনের ন্যায়সঙ্গত প্রবেশাধিকার।"

অর্থবর্ষ 2023 এর স্টেট বাজেটে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের সমৃদ্ধিশালী ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচিকে বিস্তৃত ও সম্প্রসারিত করেছেন, যা 2022 সালের ডিসেম্বর মাসে শেষ হয়ে যাওয়ার কথা ছিলো। এই কর্মসূচি 10 বছরের জন্য পুনরায় অনুমোদিত হয়েছে। এই বাজেটে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোতে ক্লিনআপ কার্যক্রমের জন্য প্রণোদনা প্রদান করার মাধ্যমে BCP-কে উন্নত করা হচ্ছে। সেইসাথে, এই কর্মসূচি BCP সম্পত্তি কর ক্রেডিটের জন্য উপযুক্ত সাশ্রয়ী আবাসন কর্মসূচির পরিধি সম্প্রসারণ করার মাধ্যমে সাশ্রয়ী আবাসন উন্নয়নের জন্য গভর্নর হোকলের অঙ্গীকার পুনরায় নিশ্চিত করেছে, যা অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের পাশাপাশি ব্রাউনফিল্ডগুলোর পুনঃউন্নয়নের জন্য প্রণোদনা প্রদান করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ সুযোগ-সুবিধা প্রদান করবে। এছাড়াও, BCP এখন BCP-চালিত পুনঃউন্নয়নের প্রতি জোর দেওয়া এবং স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ পূরণে সাহায্য করার জন্য নতুন কর ক্রেডিটের মাধ্যমে নির্দিষ্ট কিছু নবায়নযোগ্য শক্তির ফ্যাসিলিটির সাইট উন্নয়নের জন্য উৎসাহিত করছে।

সিনেটর চার্লস ই শুমার বলেছেন, "নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস একটি মৌলিক অধিকার যা থেকে পূর্ব বাফেলো বহুদিন বঞ্চিত রয়েছে, এবং এই 230 টিরও বেশি অত্যন্ত প্রয়োজনীয় নতুন ইউনিটগুলির জন্য প্রয়োজনীয় নতুন অর্থনৈতিক সুযোগ তৈরি করতে, বিনিয়োগকে উৎসাহিত করতে এবং বাফেলো জুড়ে পরিবারদের জন্য মানসম্পন্ন জীবনকে উন্নত করতে সহায়তা করবে। আমি গর্বিত যে ফেডারেল নিম্ন আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট সম্প্রসারণ করার জন্য আমি জোর লড়াই করেছি, তা এই পুরোনো ভবনগুলিকে নতুন শক্তি দক্ষ গৃহে রূপান্তর করার জন্য প্রয়োজনীয় বহু মিলিয়ন ডলার সরবরাহ করেছে। আমি ইস্ট বাফেলো এবং সমস্ত পশ্চিম নিউ ইয়র্কের জন্য একটি উজ্জ্বলতর এবং আরো সমতাপূর্ণ ভবিষ্যতের ভিত্তিপ্রস্তর স্থাপন করার জন্য প্রয়োজনীয় প্রতিটি ডলারের ফেডারেল সমর্থন পেতে লড়াই চালিয়ে যাবো।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেছেন, "এটি বাফেলো শহরের সিনিয়রদের এবং পরিবারগুলির জন্য সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রাপ্যতার ক্ষেত্রে উল্লেখযোগ্য বৃদ্ধি। পিলগ্রিম ভিলেজ স্কুল, পার্ক এবং ব্যবসার কাছাকাছি একটি মানসম্পন্ন, আধুনিক এবং পরিবেশগতভাবে বন্ধুত্বপূর্ণ জীবনযাপনের ব্যবস্থা প্রদান করে যা পশ্চিম নিউ ইয়র্কবাসীদের বাড়ি বলার জন্য একটি চমৎকার জায়গা হিসেবে কাজ করবে। ফেডারেল নিম্ন আয়ের ট্যাক্স ক্রেডিট এই 92 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগকে সম্ভবপর করে তোলে।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেছেন "এই চিত্তাকর্ষক প্রকল্পটি পিলগ্রিম ভিলেজে নতুন করে আবার এক উদ্দেশ্য নিয়ে আসবে, এবং বাফেলোর ফ্রুট বেল্ট এলাকার মধ্যে সাশ্রয়ী, স্থায়ী আবাসনের সুযোগ প্রদান করবে, ক্রমবর্ধমান বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাস থেকে মাত্র কয়েক ধাপ দূরে। যখন সাশ্রয়ী মূল্যের আবাসন সংকট WNY এবং আমাদের দেশ জুড়ে অব্যাহত রয়েছে, নিউ ইয়র্ক এমন প্রকল্পগুলিতে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে যা আমাদের সম্প্রদায়কে শক্তিশালী করে এবং ফলস্বরূপ, আমাদের স্থানীয় অর্থনীতি এবং কর্মশক্তিকে শক্তিশালী করে।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেছেন, "বাফেলোর ইস্টসাইডে ফ্রুটবেল্ট এলাকায় 93 মিলিয়ন ডলারের উন্নয়ন সাশ্রয়ী মূল্যের শক্তি দক্ষ গৃহ প্রদান করবে, যা আমাদের সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করার জন্য নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের অঙ্গিকারবদ্ধতার একটি উজ্জ্বল দৃষ্টান্ত হিসাবে কাজ করবে। আমি গভর্নর ক্যাথি হোকল, পিলগ্রিম ভিলেজ ফ্যামিলি এবং অন্যান্য সকল সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের প্রশংসা করি যাদের নেতৃত্ব এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে অবদান রেখেছে।"

এরি কাউন্টির নির্বাহী আধিকারিক মার্ক সি. পোলোনকার্জ বলেছেন, "সাশ্রয়ী মূল্যের আবাসন এরি কাউন্টি জুড়ে একটি গুরুত্বপূর্ণ প্রয়োজন এবং এটি শহুরে, শহরতলির এবং গ্রামীণ সম্প্রদায়কে প্রভাবিত করে যেমন আমি আমাদের সাম্প্রতিক লিভ ওয়েল এরি হাউজিং সামিটে (Live Well Erie Housing Summit) উল্লেখ করেছি। নতুন পিলগ্রিম ভিলেজ কমপ্লেক্সের (Pilgrim Village complex) মতো উন্নয়ন সেই চাহিদাগুলিকে সম্বোধন করে এবং পরিবার এবং বয়স্কদের নিরাপদ, সাশ্রয়ী মূল্যের, শক্তি-দক্ষ বাড়ির প্রয়োজন এবং প্রদান করে। এই 237টি অ্যাপার্টমেন্ট

ফ্রুট বেল্ট এলাকায় প্রাণশক্তি যোগ করে এবং আমরা কিভাবে আবাসনের চাহিদা মেটাতে এবং শক্তিশালী সম্প্রদায় গড়ে তুলতে পারি তার একটি ভালো উদাহরণ।"

মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেছেন, "বাফেলো শহরে পরিবারসমূহ ও বয়স্কদের জন্য সাশ্রয়ী আবাসনের উপলব্ধতা বৃদ্ধি করার জন্য এই 237-ইউনিটের আবাসিক প্রকল্পটি আরেকটি অগ্রগামী পদক্ষেপ। নতুন পিলগ্রিম ভিলেজ হবে একটি আকর্ষণীয়, সাশ্রয়ী মূল্যের, এবং আধুনিক আবাসনের বিকল্প যেখানে পরিবহনের সুবিধাজনক অ্যাক্সেস এবং মাস্টেন পার্কের মতো সুযোগ সুবিধা রয়েছে। আমি গভর্নর ক্যাথি হোকল, আমাদের রাজ্যের আইন প্রণেতাদের, নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, এবং ডেভেলপার SAA | EVI কে ধন্যবাদ জানাই আমাদের বাসিন্দাদের বর্তমান এবং ভবিষ্যত চাহিদা প্রতিফলিত করে এমন একটি উন্নয়নে এই বিনিয়োগ করার জন্য।"

ডেভিড আলেকজান্ডার, ম্যানেজিং পার্টনার, SAA | EVI বলেছেন, "আমি বাফেলোতে পিলগ্রিম ভিলেজ থেকে দুই মাইলের কম দূরত্বে বড় হয়েছি। আমি বাফেলোর ইস্ট সাইডে পাবলিক স্কুলে আমার প্রাথমিক শৈশব কাটিয়েছি। আমাদের কোম্পানির প্রথম অফিসটি পিলগ্রিম ভিলেজ নির্মাণ সাইট থেকে মাত্র কয়েক ব্লক দূরে মেইন এবং সামার স্ট্রিটে অবস্থিত ছিল। আমরা, একটি কোম্পানি এবং ব্যক্তি হিসাবে, বাফেলোতে সংঘটিত নবজাগরণের অংশ হতে পেরে অত্যন্ত গর্বিত এবং বাফেলোর ইস্ট সাইডের সুন্দর সম্প্রদায় এবং এলাকার অংশ হতে পেরে আরও বেশি গর্বিত। আমরা হলাম "একটাই বাফেলো!"

SAA | EVI এর আঞ্চলিক পরিচালক কনর কেনি বলেছেন, "নতুন, উচ্চ মানের সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করে পিলগ্রিম ভিলেজ সাইটটিকে পুনরুজ্জীবিত করার সুযোগ পেয়ে আমরা রোমাঞ্চিত। মূল পিলগ্রিম ভিলেজ সম্পত্তিটি 1979 সালে নির্মিত হয়েছিল। যদিও আমরা মালিকানা নেওয়ার আগে সম্পত্তিটি আংশিকভাবে ভেঙে ফেলা হয়েছিল তবুও অনেক মানুষ ওই সাইটে বাস করতেন। এই সম্পত্তিতে বসবাসকারী বাসিন্দাদের এবং পরিবারগুলির সাথে পরিচিত হওয়া একটি আনন্দের বিষয় ছিল, যাদের মধ্যে কিছু মানুষ 1979 সাল থেকে এটিকে বাড়িতে বলে ডেকে এসেছেন এবং আমরা নির্মাণ শেষ করার পরে সবাইকে ফিরে আসতে স্বাগত জানাতে অত্যন্ত উন্মুখ।"

ক্যাথলিক চ্যারিটিসের (Catholic Charities) সভাপতি এবং CEO ডেকন স্টিভ শুমার বলেছেন, "ক্যাথলিক চ্যারিটিস এই সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টগুলির সাথে জড়িত হতে পেরে রোমাঞ্চিত যা এই উল্লেখযোগ্য ইস্ট বাফেলো এলাকার বহু মানুষের কাছে অত্যন্ত অর্থ বহন করবে। খনন কাজের মাধ্যমে বহু মাসের পরিকল্পনার ফলাফল উদযাপন করার জন্য আজ একটি দুর্দান্ত দিন। প্রকল্পটি সম্পূর্ণ হলে বাসিন্দাদের নতুন সম্প্রদায়কে সমর্থন করার জন্য আমরা আমাদের পরিষেবাগুলি নিয়ে আসতে উদগ্রীব।"

###